# ঢাকা বিশ্ববিদ্যালয়

# কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট

### ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের

# ভর্তি নির্দেশিকা

| | |
|---|---|
| পরীক্ষার তারিখ | ১৩ ডিসেম্বর ২০২৫, শনিবার |
| আবেদনের সময়সীমা | ২৯ অক্টোবর ২০২৫ দুপুর ১২টা হতে<br>১৬ নভেম্বর ২০২৫ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত |
| পরীক্ষার সময় | সকাল ১১:০০ টা থেকে দুপুর ১২:৩০ মিনিট পর্যন্ত |
| পরীক্ষার ব্যাপ্তি | ১ ঘণ্টা ৩০ মিনিট |
| পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ | ৩০ নভেম্বর, ২০২৫ হতে পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্ব পর্যন্ত |
| পরীক্ষাকেন্দ্রে প্রবেশের সর্বশেষ সময় | সকাল ১০:৩০ মিনিট |

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে' ভর্তির জন্য আবেদনপত্র জমাদান, পে-স্লিপ সংগ্রহ, ফিস জমাদানের রসিদ, প্রবেশপত্র সংগ্রহ ইত্যাদিসহ **ভর্তির যাবতীয় প্রাথমিক কাজ অনলাইনে সম্পন্ন হবে।**

**প্রার্থীর প্রাথমিক যোগ্যতা**

- যারা ২০২০ থেকে ২০২৩ সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের মানবিক শাখা, মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ শাখায় আলিম, উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা (বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা), ব্যবসায় শিক্ষা শাখার (ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট) ও IGCSE / O Level এবং IAL / GCE / A Level পরীক্ষায় উত্তীর্ণ তারা কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ক. **মানবিক শাখা:** মানবিক শাখা (মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ) থেকে আগত শিক্ষার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৭.৫০ হতে হবে। তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

খ. **বিজ্ঞান শাখা:** বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা থেকে আগত শিক্ষার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৮.০০ হতে হবে। তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

গ. **ব্যবসায় শিক্ষা শাখা:** ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৭.৫০ হতে হবে। তবে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

ঘ. **O Level এবং A Level:** ২০২০ থেকে ২০২৩ সন পর্যন্ত **IGCSE/O Level** পরীক্ষায় অন্তত ৫ টি বিষয়ে এবং ২০২৫ সালের IAL / GCE / A Level পরীক্ষার প্রকাশিত ফলাফলে অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। O Level এবং A Level এর মোট ৭ টি বিষয়ের মধ্যে অন্তত ৪ টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড এবং ৩ টি বিষয়ে আবেদনকারীকে ন্যূনতম 'সি' গ্রেড প্রাপ্ত হতে হবে; এই **৭ টি বিষয়ের কোনোটিতেই 'ডি' গ্রেড থাকতে পারবে না।**

O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ হবে:

A= 5.0 B= 4.0 C= 3.5

- বিদেশে প্রাপ্ত ডিপ্লোমা বা সার্টিফিকেট-এর সমতা অনুষদ কর্তৃক নিরূপিত হলে এবং ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ করলে সংশ্লিষ্ট প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

- A Level / সমমান, O Level / সমমান বিদেশি পাঠ্যক্রম হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েব সাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে অন্যান্য শিক্ষার্থীর মতো তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

সকল শাখার প্রার্থীদেরকে বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বর / গ্রেডের শর্তও পূরণ করতে হবে।

**অনলাইনে ভর্তির ফরম পূরণ**

- ভর্তির আবেদন https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে করা যাবে। ভর্তি পরীক্ষা আট (৮) টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। **প্রার্থী অনলাইনে আবেদনের সময় যে বিভাগে পরীক্ষা দিতে ইচ্ছুক, ঐ বিভাগের অপশন সিলেক্ট করবে।**
- ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমানের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, মাতা/পিতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), কোটা বিষয়ক তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তাৎক্ষনিকভাবে স্ক্যান করা একটি ছবির প্রয়োজন হবে। ভর্তির আবেদন ফি তাৎক্ষণিকভাবে অনলাইনে বা চারটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকে (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করা যাবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

- আবেদনপত্রে তথ্য/ছবি সংশোধনের (বিশেষ ক্ষেত্রে) সময়সীমা ২৩ নভেম্বর, ২০২৫ তারিখ।

**কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগ এবং ইনস্টিটিউটসমূহ:**

**কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের মাধ্যমে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীরা নিম্নলিখিত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করতে পারবে এবং যোগ্যতা থাকা সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক আসনে ভর্তি হতে পারবে।**

১) **কলা অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ :** ১. বাংলা ২. ইংরেজি ৩. আরবী ৪. ফারসি ভাষা ও সাহিত্য ৫. উর্দু ৬. সংস্কৃত ৭. পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ ৮. ইতিহাস ৯. দর্শন ১০. ইসলামিক স্টাডিজ ১১. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১২. তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা ১৩. থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ ১৪. ভাষাবিজ্ঞান ১৫. সংগীত ১৬. বিশ্ব ধর্ম ও সংস্কৃতি ১৭. নৃত্যকলা।

২) **সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ :** ১. অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. আন্তর্জাতিক সম্পর্ক ৪. সমাজবিজ্ঞান ৫. গণযোগাযোগ ও সাংবাদিকতা ৬. লোক প্রশাসন ৭. নৃবিজ্ঞান ৮. পপুলেশন সায়েন্সেস ৯. শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন ১০. উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ ১১. ডেভেলপমেন্ট স্টাডিজ ১২. টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি ১৩. ক্রিমিনোলজি ১৪. কমিউনিকেশন ডিজঅর্ডারস ১৫. প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ ১৬. জাপানিজ স্টাডিজ।

৩) **আইন অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ :** আইন

৪) **সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট :** সমাজকল্যাণ

৫) **স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট :** স্বাস্থ্য অর্থনীতি

৬) **শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট :**

(ক) ভাষা শিক্ষা বিভাগ; (খ) সামাজিক বিজ্ঞান শিক্ষা বিভাগ; (গ) বিশেষ শিক্ষা বিভাগ

৭) **ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ :** ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ

৮) **আধুনিক ভাষা ইনস্টিটিউট :**

a) BA Honours in English for Speakers of Other Languages (ESOL)
b) BA Honours in French Language and Culture (FLC)
c) BA Honours in Chinese Language and Culture (CLC)
d) BA Honours in Japanese Language and Culture (JLC)

**কিছু বিভাগের মাইগ্রেশন সংক্রান্ত নিয়মাবলি:**

**থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ:** থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগে ভর্তির জন্য চূড়ান্ত মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থী সংগীত এবং নৃত্যকলা বিভাগে সাক্ষাৎকার পর্বে অংশগ্রহণ করতে পারবে না। ভর্তি হওয়ার পর শিক্ষার্থী বিভাগ পরিবর্তন করতে পারবে না।

**সংগীত বিভাগ:** ভর্তি হওয়ার পর শিক্ষার্থী বিভাগ পরিবর্তন করতে পারবে না।

**নৃত্যকলা বিভাগ:** ভর্তি হওয়ার পর শিক্ষার্থী বিভাগ পরিবর্তন করতে পারবে না।

**কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর করণীয়**

উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস, হিজড়া) হরিজন ও দলিত সম্প্রদায়, মুক্তিযোদ্ধার সন্তান কোটায় ভর্তির আবেদনের সুযোগ পাবে। অনলাইনে আবেদন করার সময় সংশ্লিষ্ট কোটায় টিক চিহ্ন দিতে হবে এবং যারা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর কোটার জন আবেদন করতে পারবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে, প্রার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার যোগ্যতার প্রমাণ ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র দেখিয়ে নির্ধারিত ফরম কোটার বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট অনুষদের ডিন অফিস থেকে অথবা অনলাইন থেকে সংগ্রহ এবং তা যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, উপজাতি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী জেলা প্রশাসনের সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস, হিজড়া) প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত সনদপত্র জমা দিতে হবে। বিভিন্ন কোটায় আসন বন্টন নিম্নরূপ:

ক) মুক্তিযোদ্ধার সন্তান ৫% আসনে ভর্তি করা হবে।
খ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের জন্য ১% আসনে ভর্তি করা হবে।
গ) হরিজন ও দলিত সম্প্রদায় ১% আসনে ভর্তি করা হবে।
ঘ) প্রতিবন্ধী প্রার্থীদের ১% আসনে ভর্তি করা হবে।

**কোটায় ভর্তির ক্ষেত্রে আসন পূর্ণ না হলে মেধা থেকে শূণ্য আসনসমূহ পূরণ করা হবে।**

এছাড়া নির্ধারিত আসন সংখ্যার বাহিরে, খেলোয়াড় সুবিধায় (শুধুমাত্র বিকেএসপি হতে উচ্চ মাধ্যমিক পাশকৃত) ও পোষ্য সুবিধার উপযুক্ত প্রার্থীকে অনলাইনে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। তবে এ বিষয়ে আদালতে একটি মামলা চলমান রয়েছে। বিষয়টি বিচারাধীণ বিধায়, এর আলোকে সাধারণ ভর্তি কমিটির নির্দেশনা অনুযায়ী স্ব-স্ব ইউনিট কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

- অনলাইনে কোটার নির্দিষ্ট ঘরে সংশ্লিষ্ট কোনো আবেদনকারী ক্লিক না করলে পরবর্তীকালে কোনো অবস্থাতেই কোটার জন্য বিবেচিত হবে না।

**ভর্তি পরীক্ষা ও ভর্তিচ্ছু প্রার্থীর করণীয়**

- ভর্তি পরীক্ষা ১৩ ডিসেম্বর ২০২৫ **শনিবার সকাল ১১:০০ টা থেকে দুপুর ১২:৩০ মিনিট** পর্যন্ত (**১ ঘণ্টা ৩০ মিনিট ব্যাপী**) অনুষ্ঠিত হবে।

- **পরীক্ষার আসন বিন্যাস প্রার্থীর রোল নম্বর অথবা ফরমের সিরিয়াল নম্বর অনুসারে হবে। আসন বিন্যাস পরীক্ষার দুই দিন পূর্বে সামাজিক বিজ্ঞান অনুষদ ডিন অফিস ও** https://admission.eis.du.ac.bd **ওয়েবসাইট থেকে জানা যাবে।**
- ভর্তি পরীক্ষা MCQ (Multiple Choice Question) ও লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। **মোট ১ ঘণ্টা ৩০ মিনিটের পরীক্ষার MCQ অংশ ৪৫ মিনিট ব্যাপী এবং লিখিত অংশ ৪৫ মিনিট ব্যাপী অনুষ্ঠিত হবে।** উভয় অংশের উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে।
- কোন পরীক্ষার্থী MCQ অংশের পরীক্ষা ৪৫ মিনিটের পূর্বে শেষ করলে সে সাথে সাথেই লিখিত অংশের পরীক্ষা শুরু করতে পারবে।
- ভর্তি পরীক্ষায় (MCQ ও লিখিত) প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড-এর ভিত্তিতে চূড়ান্ত মেধাস্কোর নির্ধারিত হবে।
- ভর্তি পরীক্ষায় MCQ অংশে মোট ৬০ টি প্রশ্নে ৬০ নম্বর থাকবে (৬০ × ১) এবং লিখিত পরীক্ষার জন্য ৪০ নম্বর বরাদ্দ থাকবে।

- পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ের অনুসৃত পাঠক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

**ভর্তি-পরীক্ষার MCQ অংশের (সময় : ৪৫ মিনিট) ৬০ নম্বরের বণ্টন নিম্নরূপ :**

| | প্রশ্ন সংখ্যা | নম্বর |
|---|---|---|
| বাংলা / Advanced English* | ১৫টি | ১৫×১ = ১৫ |
| General English | ১৫টি | ১৫×১ = ১৫ |
| সাধারণ জ্ঞান | ৩০টি | ৩০×১ = ৩০ |
| | মোট প্রশ্ন = ৬০টি | মোট নম্বর = ৬০ |

* যারা GCE / A Level থেকে প্রার্থী কেবল তারাই Advanced English অংশের উত্তর দিবে।

**ভর্তি-পরীক্ষায় লিখিত অংশে (সময় : ৪৫ মিনিট) ৪০ নম্বরের বণ্টন নিম্নরূপ:**

| | নম্বর |
|---|---|
| বাংলা / Advanced English* | ২০ |
| General English | ২০ |
| | **মোট = ৪০** |

* যারা GCE / A Level থেকে প্রার্থী কেবল তারাই Advanced English অংশের উত্তর দিবে।

- ভর্তি পরীক্ষার MCQ অংশের এবং লিখিত অংশের বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্ন জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড নির্ধারিত শিক্ষাক্রমের আলোকে ২০২৫ সালের অনুসৃত পাঠ্যসূচি অনুসারে প্রণীত হবে। লিখিত পরীক্ষার বাংলা অংশে পাঠ্যসূচিভুক্ত একটি পাঠের মূলভাব লিখন, কবিতার উদ্ধৃতি ব্যাখ্যা, উদ্ধৃত সংলাপ ব্যাখ্যা (গদ্য, উপন্যাস ও নাটক-ভিত্তিক), লেখক/কবি পরিচিতি, মিলকরণ (গদ্য, কবিতা ও ব্যাকরণভিত্তিক), সারাংশ/সারমর্ম লিখন, বানান শুদ্ধি ও প্রমিতকরণ, সংক্ষিপ্ত অনুচ্ছেদ লিখন, ব্যাকরণ-সম্পর্কিত বিষয়াবলি (সংজ্ঞার্থ ও দৃষ্টান্ত) এবং অনুবাদ অধিক গুরুত্ব পাবে। অপরদিকে, লিখিত পরীক্ষার General English অংশে Comprehension, Short paragraph, Explanation (Explain with the reference to the context), Rearranging, Translation, Punctuation, Gap filling with & without clues, Sentence making, Changing and Transformation of sentences অধিক গুরুত্ব পাবে।

MCQ অংশের সাধারণ জ্ঞান-সংশ্লিষ্ট প্রশ্ন বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং পৌরনীতি ও সুশাসন, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রভৃতি বিষয়ের আলোকে হবে।

- যারা মাতৃভাষা হিসেবে বাংলা পড়েনি কেবল তারাই বাংলার পরিবর্তে Advanced English-এর উত্তর দেবে এবং OMR শিটের নির্ধারিত স্থানে Advanced English-এর বৃত্ত পূরণ করবে। Advanced English-এর MCQ অংশের এবং লিখিত অংশের প্রশ্ন প্রণয়নে প্রচলিত রীতি অনুসরণ করা হবে।
- উত্তরপত্রের উপরিভাগে প্রার্থীর নাম, মাতার নাম ও পিতার নাম ইংরেজিতে যেভাবে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে আছে ঠিক সেভাবে লিখতে হবে।
- পরীক্ষায় OMR পদ্ধতির (একটি শিট) উত্তরপত্র এবং লিখিত পরীক্ষার উত্তরপত্র বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে। অতিরিক্ত কোনো শিট দেওয়া হবে না এবং সরবরাহকৃত উত্তরপত্রের নির্ধারিত অংশে প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।
- **ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪০। প্রার্থী ৪০ নম্বর না পেলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। একইসঙ্গে ভর্তি পরীক্ষায়** পরীক্ষার্থী MCQ অংশে উত্তীর্ণ হতে হলে বাংলায় ন্যূনতম ০৫ নম্বর, General English-এ ন্যূনতম ০৫ নম্বর, সাধারণ জ্ঞানে ন্যূনতম ১০ নম্বর এবং কমপক্ষে সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। A Level সংশ্লিষ্টদের ক্ষেত্রে বাংলা বিষয়ের বিকল্প হিসেবে Advanced English-এ ন্যূনতম ০৫ নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) পেতে হবে।

পরীক্ষার্থীকে লিখিত পরীক্ষার অংশে ন্যূনতম **১১ নম্বর পেতে হবে**। এর মধ্যে বাংলা অংশে ন্যূনতম ৫ এবং General English-এ ন্যূনতম ৫ পাওয়া আবশ্যক। A Level-এর ক্ষেত্রে উল্লিখিত শর্ত সমভাবে প্রযোজ্য হবে।

- **প্রার্থীকে মনে রাখতে হবে যে, প্রতি চারটি ভুল উত্তরের জন্য একটি শুদ্ধ উত্তরের নম্বর কাটা যাবে। অর্থাৎ প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**
- **প্রার্থী কোনো অবস্থাতেই মোবাইল ফোন, Calculator, বই ও কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া), ইলেক্ট্রনিক ডিভাইস সংবলিত ঘড়ি ও কলম ইত্যাদি নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।**

### মেধা তালিকা, মেধাস্কোর তৈরির পদ্ধতি ও ভর্তির জন্য মনোনয়ন

- **মেধা তালিকা :** মেধাস্কোরের ভিত্তিতে প্রার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। মেধা তালিকা হবে নিম্নরূপ:

  (i) মানবিক শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধা তালিকা

  (ii) বিজ্ঞান শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধা তালিকা; এবং

  (iii) ব্যবসায় শিক্ষা শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধা তালিকা

- **মেধাস্কোর :** মোট ১২০ নম্বরের (MCQ : ৬০, লিখিত : ৪০, মাধ্যমিক/সমমান : ১০, উচ্চ মাধ্যমিক/ সমমান : ১০) ভিত্তিতে পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য পরীক্ষার্থীদের মাধ্যমিক / সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল MCQ ও লিখিত অংশ মিলিয়ে ১০০ নম্বরের ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের ওপর পরীক্ষার্থীর মেধাস্কোর তৈরি করা হবে।

- MCQ অংশে উত্তীর্ণদের মধ্য থেকে কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের নির্ধারিত আসন সংখ্যার **সর্বোচ্চ** পাঁচগুণ পরীক্ষার্থীর লিখিত অংশের উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

### মেধা তালিকা প্রকাশ ও করণীয়

*** বিশেষভাবে উল্লেখ্য যে, MCQ এবং লিখিত উভয় পরীক্ষা মিলিয়ে সর্বমোট পাশ নম্বর ৪০। ভর্তির উপর্যুক্ত শর্ত সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে (কোটাসহ) সমভাবে প্রযোজ্য হবে।**

**১২০ নম্বরের বিভাজন সংক্ষেপে নিম্নরূপ :**

- মাধ্যমিক / সমমানের বা O Level পরীক্ষায় ১০-এর মধ্যে প্রাপ্ত জিপিএ ভিত্তিক স্কোর।
- উচ্চ মাধ্যমিক / সমমানের বা A Level পরীক্ষায় ১০-এর মধ্যে প্রাপ্ত জিপিএ ভিত্তিক স্কোর।
- ভর্তি-পরীক্ষায় ১০০ নম্বরে প্রাপ্ত স্কোর।

❖ দুই বা ততোধিক প্রার্থীর মেধাস্কোর অভিন্ন হলে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। এক্ষেত্রে স্কোর সমান পাওয়া গেলে প্রার্থীদের ভর্তি পরীক্ষায় বাংলা / প্রযোজ্য ক্ষেত্রে Advanced English এবং ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড়ের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। **এরপরও** স্কোর সমান হলে পর্যায়ক্রমে নিম্নলিখিত মানদণ্ডের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে :

- ❖ উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত;
- ❖ উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ;
- ❖ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ; এবং
- ❖ পর্যায়ক্রমে উল্লিখিত মানদণ্ডসমূহ প্রয়োগ করে যদি প্রার্থীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা না যায় তাহলে কর্তৃপক্ষ অন্য যথার্থ মানদণ্ড প্রয়োগ করে ক্রম নির্ধারণ করবেন ; প্রতিটি ক্ষেত্রেই এই অতিরিক্ত সংখ্যক মানদণ্ড সমভাবে প্রয়োগ করা হবে।

- মেধা তালিকার ভিত্তিতে ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে চূড়ান্ত ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হবে।
- বিজ্ঞান কিংবা ব্যবসায় শিক্ষা শাখার জন্য বরাদ্দকৃত আসন কোনো কারণে পূরণ করা না গেলে, তা মানবিক শাখার যোগ্য শিক্ষার্থী দ্বারা পূরণ করা যাবে।

## ভর্তি-পরীক্ষার ফল

- ভর্তি-পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রমিক তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।
  ওয়েবসাইট : https://admission.eis.du.ac.bd

## বিভিন্ন বিভাগে ভর্তির ন্যূনতম যোগ্যতা ও আসন সংখ্যা

| নং | বিভাগ | বিভাগ/ইনস্টিটিউট শর্তসমূহ | আসন সংখ্যা | | | মোট আসন |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | |
| ১. | বাংলা | উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় বাংলা বিষয়ে ২০০ নম্বর। ভর্তি-পরীক্ষায় বাংলায় ১৮ এবং ইংরেজিতে ১৪ নম্বর পেতে হবে। | ৮০ | ২৫ | ৫ | ১১০ |
| ২. | ইংরেজি | উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় ইংরেজি বিষয়ে ২০০ নম্বরসহ ইংরেজিতে জিপিএ A- / ৩.৫ পেতে হবে এবং এস এস সি পরীক্ষার ইংরেজি বিষয়ে জিপিএ A/৩.৭৫ থাকতে হবে। IGCSE বা O Level শিক্ষার্থীদের ইংরেজি বিষয়ে ন্যূনতম 'সি' গ্রেড থাকতে হবে। ভর্তি পরীক্ষায় ইংরেজিতে লিখিত পরীক্ষায় ১০ নম্বরসহ সর্বমোট ১৯ নম্বর পেতে হবে। | ৯০ | ১৫ | ৫ | ১১০ |
| ৩. | আরবী | দাখিল পরীক্ষায় আরবী বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড; আলিম / উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আরবি / ইসলামি শিক্ষা / বাংলা / ইংরেজি বিষয় থাকতে হবে। | ৮০ | ২০ | ০ | ১০০ |
| ৪. | ফারসি ভাষা ও সাহিত্য | কোনো শর্ত নেই | ৬০ | ১০ | ৫ | ৭৫ |
| ৫. | উর্দু | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উর্দু/ আরবী/ ইসলাম শিক্ষা/ বাংলা/ ইংরেজিতে 'বি' গ্রেড থাকতে হবে। | ৬০ | ৫ | ৫ | ৭০ |

| নং | বিভাগ | বিভাগ/ইনস্টিটিউট শর্তসমূহ | আসন সংখ্যা | | | মোট আসন |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | |
| ৬. | সংস্কৃত | মাধ্যমিক পরীক্ষায় সংস্কৃত অথবা হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে 'এ' গ্রেড অথবা বাংলায় 'এ'; উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সংস্কৃত বিষয়ে 'এ' অথবা বাংলায় 'এ' গ্রেড থাকতে হবে। | ৫৫ | ১৫ | ৫ | ৭৫ |
| ৭. | পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ | কোনো শর্ত নেই | ৩৫ | ১০ | ৫ | ৫০ |
| ৮. | ইতিহাস | কোনো শর্ত নেই | ৮৫ | ১৮ | ৭ | ১১০ |
| ৯. | দর্শন | কোনো শর্ত নেই | ৯৬ | ১৮ | ৬ | ১২০ |
| ১০. | ইসলামিক স্টাডিজ | দাখিল/ মাধ্যমিক, আলিম / উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইসলাম শিক্ষা থাকতে হবে। | ৯০ | ৫ | ৫ | ১০০ |
| ১১. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | কোনো শর্ত নেই | ৯০ | ১২ | ৮ | ১১০ |
| ১২. | তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা | ভর্তি পরীক্ষায় নূন্যতম বাংলায় ১০ নম্বর এবং ইংরেজিতে ১০ নম্বর পেতে হবে। | ৪০ | ২০ | ৫ | ৬৫ |
| ১৩. | থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ | ভর্তি পরীক্ষা ছাড়াও ৫০ নম্বরের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর পেতে হবে। | ১৩ | ১০ | ২ | ২৫ |
| ১৪. | ভাষাবিজ্ঞান | কোনো শর্ত নেই | ৪৫ | ২০ | ৫ | ৭০ |
| ১৫. | সংগীত | ভর্তি-পরীক্ষা ছাড়াও ৫০ নম্বরের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর পেতে হবে। সংগীত বিষয়ে 'আই মিউজ' পরীক্ষায় ন্যূনতম 'সি' গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অগ্রাধিকার দেওয়া হবে। তবলা বিষয়ে পড়তে আগ্রহী প্রার্থীদেরকেও ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে। | ৩০ | ২৫ | ৫ | ৬০ |
| ১৬. | বিশ্ব ধর্ম ও সংস্কৃতি | ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ১২ এবং বাংলায় ১০ নম্বর পেতে হবে। | ৪০ | ১৫ | ৫ | ৬০ |
| ১৭. | নৃত্যকলা | প্রার্থীকে ৫০ নম্বরের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং নির্বাচনী বোর্ডে নৃত্যে পারদর্শিতা প্রমাণ করতে হবে। | ২০ | ৫ | ৫ | ৩০ |
| ১৮. | অর্থনীতি | মাধ্যমিক / সমমান পরীক্ষায় সাধারণ গণিতে 'A-' (এ মাইনাস) গ্রেড এবং O Level এর ক্ষেত্রে General Mathematics 'B' (বি) গ্রেড থাকতে হবে। উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষায় অর্থনীতি / গণিত/ পরিসংখ্যান / অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল এবং A Level-এর ক্ষেত্রে গণিত অথবা অর্থনীতি বিষয় থাকতে হবে। ইসলামিক অর্থনীতি, গার্হস্থ্য অর্থনীতি প্রভৃতি বিষয়সমূহ অর্থনীতির বিকল্প হিসেবে গন্য হবে না। **ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ন্যূনতম ১৬ নম্বর পেতে হবে।** | ৫০ | ৭২ | ৮ | ১৩০ |

| নং | বিভাগ | বিভাগ/ইনস্টিটিউট শর্তসমূহ | আসন সংখ্যা | | | মোট আসন |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | |
| ১৯. | রাষ্ট্রবিজ্ঞান | কোনো শর্ত নেই | ৭৫ | ৬০ | ১৫ | ১৫০ |
| ২০. | আন্তর্জাতিক সম্পর্ক | ভর্তি পরীক্ষায় ইংরেজি MCQ-তে ১০ এবং লিখিত অংশে ১২ পেতে হবে। | ৪০ | ৩৫ | ৫ | ৮০ |
| ২১. | সমাজবিজ্ঞান | ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ১৪ নম্বর ও বাংলায়/Advanced English ১২ নম্বর পেতে হবে। | ৭৫ | ৬৫ | ১০ | ১৫০ |
| ২২. | গণযোগাযোগ ও সাংবাদিকতা | ভর্তি-পরীক্ষায় বাংলায় / Advanced English ১১ নম্বর, ইংরেজিতে ১১ নম্বর পেতে হবে। | ৩২ | ২৫ | ৮ | ৬৫ |
| ২৩. | লোক প্রশাসন | ভর্তি-পরীক্ষায় ইংরেজিতে ১৪ নম্বর পেতে হবে। | ৩০ | ৩০ | ৩০ | ৯০ |
| ২৪ | নৃবিজ্ঞান | ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ১২ নম্বর পেতে হবে। | ২৫ | ২৫ | ৫ | ৫৫ |
| ২৫. | পপুলেশন সায়েন্সেস | কোনো শর্ত নেই | ১৪ | ২৬ | ০ | ৪০ |
| ২৬. | শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন | ভর্তি পরীক্ষায় বাংলায় / Advanced English ১২ নম্বর; ইংরেজিতে ১২ নম্বর পেতে হবে। | ২০ | ১৫ | ৫ | ৪০ |
| ২৭. | উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ | কোনো শর্ত নেই | ১৭ | ২০ | ৩ | ৪০ |
| ২৮. | ডেভেলপমেন্ট স্টাডিজ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পরিসংখ্যান / অর্থনীতি / গণিত এর যে কোনো ১টি বিষয়ে A- (এ মাইনাস) গ্রেড থাকতে হবে। উল্লেখ্য, ইসলামি অর্থনীতি, বানিজ্যিক অর্থনীতি এবং গার্হস্থ্য অর্থনীতি বিষয়গুলো অর্থনীতির বিকল্প হিসেবে গন্য হবে না। অন্যান্য সমমানের (যেমন IGCSE, A Level) ক্ষেত্রে পরিসংখ্যান / অর্থনীতি / গণিত বিষয়ে নূন্যতম 'বি' গ্রেড থাকতে হবে। ইংরেজিতে ১৬ নম্বর পেতে হবে। | ১৫ | ১৯ | ৬ | ৪০ |
| ২৯. | টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি | উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২০০ নম্বর থাকতে হবে। GCE-র ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য নয়। ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ১২ নম্বর এবং বাংলায় ১০ নম্বর পেতে হবে। | ৫ | ১৫ | ১০ | ৩০ |
| ৩০. | ক্রিমিনোলজি | ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ১৬ নম্বর পেতে হবে। | ১০ | ৩৫ | ৫ | ৫০ |
| ৩১. | কমিউনিকেশন ডিজঅর্ডারস | মানবিক শাখা থেকে আগত শিক্ষার্থীদের জন্য উচ্চ মাধ্যমিকে মনোবিজ্ঞান আবশ্যিকভাবে থাকতে হবে এবং বিজ্ঞান শাখা থেকে আগত শিক্ষার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে জীববিজ্ঞান এবং পদার্থবিজ্ঞান আবশ্যিকভাবে থাকতে হবে। ভর্তি পরীক্ষায় বাংলায় ১০ ও ইংরেজিতে ১২ নম্বর পেতে হবে। | ১০ | ২০ | ০ | ৩০ |

| নং | বিভাগ | বিভাগ/ইনস্টিটিউট শর্তসমূহ | আসন সংখ্যা | | | মোট আসন |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | |
| ৩২. | প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ | কোনো শর্ত নেই | ১০ | ১৫ | ৫ | ৩০ |
| ৩৩. | জাপানিজ স্টাডিজ | কোনো শর্ত নেই | ১০ | ৩০ | ১০ | ৫০ |
| ৩৪. | আইন | ভর্তি পরীক্ষায় বাংলায় ১৬ নম্বর; ইংরেজিতে ২১ নম্বর; সাধারণ জ্ঞানে ১৫ নম্বর পেতে হবে। IGCSE বা O Level শিক্ষার্থীদের ইংরেজি বিষয়ে ন্যূনতম 'সি' গ্রেড এবং ভর্তি পরীক্ষায় Advanced English-এ ন্যূনতম ২১ নম্বর পেতে হবে। | ৫২ | ৪৩ | ১৫ | ১১০ |
| ৩৫. | সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট | কোনো শর্ত নেই | ৮৫ | ১২ | ৩ | ১০০ |
| ৩৬. | স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট | কোনো শর্ত নেই | ৩০ | ৩০ | ০ | ৬০ |
| ৩৭. | ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ | ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ১০ নম্বর পেতে হবে। | ১০ | ২৫ | ১০ | ৪৫ |
| ৩৮. | **শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট** | | | | | |
| | ভাষা শিক্ষা বিভাগ | ভর্তি পরীক্ষায় বাংলায় ১৫ নম্বর ও ইংরেজিতে ১৫ নম্বর পেতে হবে। | ৬ | ১৬ | ৪ | ৭৯ |
| | সামাজিক বিজ্ঞান শিক্ষা বিভাগ | ভর্তি পরীক্ষায় বাংলায় ১৪ নম্বর ও ইংরেজিতে ১৪ নম্বর পেতে হবে। | ৮ | ১৫ | ৭ | |
| | বিশেষ শিক্ষা বিভাগ | ভর্তি পরীক্ষায় বাংলায় ১৪ নম্বর ও ইংরেজিতে ১৪ নম্বর পেতে হবে। | ৩ | ২০ | ০ | |
| ৩৯. | **আধুনিক ভাষা ইনস্টিটিউট** | | | | | |
| | BA Honours in English for Speakers of Other Languages (ESOL) | ভর্তি পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Advanced English-এ ১৬ নম্বর; ইংরেজিতে ১৬ নম্বর পেতে হবে। | ২৩ | ১১ | ৬ | ১৩০ |
| | BA Honours in French Language and Culture (FLC) | ভর্তি পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Advanced English-এ ১৪ নম্বর; ইংরেজিতে ১৪ নম্বর পেতে হবে। | ১০ | ১০ | ১০ | |
| | BA Honours in Chinese Language and Culture (CLC) | ভর্তি পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Advanced English-এ ১৪ নম্বর; ইংরেজিতে ১৪ নম্বর পেতে হবে। | ১০ | ১৫ | ৫ | |

| নং | বিভাগ | বিভাগ/ইনস্টিটিউট শর্তসমূহ | আসন সংখ্যা | | | মোট আসন |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | |
| | BA Honours in Japanese Language and Culture (JLC) | ভর্তি পরীক্ষায় বাংলায় ১০ নম্বর / Advanced English-এ ১৪ নম্বর; ইংরেজিতে ১৪ নম্বর পেতে হবে। | ১০ | ১০ | ১০ | |
| | | **সর্বমোট আসন সংখ্যা** | **১৬৯৪** | **৯৬২** | **২৭৮** | **২৯৩৪** |

## সাক্ষাৎকার

- সাক্ষাৎকারের পূর্বে পরীক্ষার্থীকে তার পছন্দ অনুযায়ী বিভাগের নাম অগ্রাধিকার ভিত্তিতে লিখে অনলাইনে একটি 'subject choice form' পূরণ করতে হবে।
- সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস কর্তৃক ঘোষিত তারিখে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

**সাক্ষাৎকারের সময় পরীক্ষার্থীদের নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:**

(ক) ভর্তি-পরীক্ষার মূল প্রবেশপত্রের রঙিন কপি।
(খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার একাডেমিক মূল ট্রান্সক্রিপ্ট/মার্কসিট
(গ) ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদনকারীর তথ্য ও বিষয় পছন্দক্রম ফরম ('subject choice form') এর কপি [শিক্ষার্থীর স্বাক্ষর, তারিখ ও মোবাইল নম্বরসহ]।
(ঘ) ভর্তি ফি / বিষয় পরিবর্তন ফি-এর অগ্রিম পরিশোধের জমা রশিদ।

## নির্দেশনা:

- সাক্ষাৎকারের সময় প্রার্থীদের মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার একাডেমিক মূল ট্রান্সক্রিপ্ট/মার্কসিট ডিন অফিসে জমা রাখা হবে।
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ডিন অফিসে জমা দেওয়ার পূর্বে প্রার্থীদের মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহের পর্যাপ্ত সংখ্যক (কমপক্ষে ২০ কপি) ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে, যা পরবর্তীতে ভর্তি সংক্রান্ত ও অন্যান্য বিভিন্ন কাজে প্রয়োজন হবে।
- সাক্ষাৎকারের সময় প্রার্থীদের মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার একাডেমিক মূল ট্রান্সক্রিপ্ট/মার্কসিট (ফটোকপি গ্রহণযোগ্য নয়) এবং ডাউনলোডকৃত আবেদনকারীর তথ্য ও বিষয় পছন্দক্রম ফরম ('subject choice form') ডিন অফিসে জমা দেয়ার পূর্বে **A4 সাইজের খামের উপর নিজের নাম, মেধাক্রম, শাখা, মোবাইল নম্বর লিখে অবশ্যই জমা দিতে হবে।**
- কেবল মেধা তালিকার ভিত্তিতেই উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা বিষয় মনোনয়ন পেয়েছে তাদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

## মনোনয়ন প্রাপ্তির পরে প্রার্থীর করণীয়

- প্রার্থীকে ভর্তির ওয়েব সাইটের নির্দেশনা অনুসরণ করতে হবে এবং সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত তারিখের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।
- কোনো বিভাগে ভর্তির জন্য মনোনীত হয়ে সেই বিভাগে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি না হলে প্রার্থী ভর্তির সুযোগ হারাবে।
- কোনো বিভাগে ভর্তি হওয়ার পরে সেই বিভাগ যদি প্রার্থী পরিবর্তন করতে চায়, তাহলে পরবর্তীকালে নির্দিষ্ট সময়ের মধ্যে আসন খালি থাকা সাপেক্ষে, ভর্তির ন্যূনতম যোগ্যতায় কোনো ব্যতিক্রম উল্লেখ না থাকলে কিংবা বিভাগীয় শর্ত পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের ঘোষণা সাপেক্ষে মেধা অনুসারে প্রার্থী বিভাগ পরিবর্তনের (migration) সুযোগ পাবে।

- বিভাগের চাহিদা অনুসারে প্রার্থীকে নিম্নলিখিত কাগজপত্র আনতে হবে :
  ক. ৮ (আট) কপি পাসপোর্ট আকারের সাম্প্রতিককালে তোলা রঙিন ছবি;

খ. উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র ও ২ (দুই)টি ফটোকপি;
গ. অভিভাবকের আয়ের সনদপত্র; এবং
ঘ. কলেজ অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।

**বিভাগে জমা দেওয়া ছবি ও ফটোকপিগুলি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক সত্যায়ন করবেন।**

---

**বিশেষ দ্রষ্টব্য : ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যেকোনো ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

**স্বাক্ষরিত/-**
**ডিন**
**সামাজিক বিজ্ঞান অনুষদ**
**ঢাকা বিশ্ববিদ্যালয়।**